

বিজিএ/শ্রম/২০২৫/৩১৯৮

২৪ মার্চ, ২০২৫

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয় : পোশাক শিল্প কারখানাতে আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষ্যে ছুটি নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গত ২৩ মার্চ ২০২৫ তারিখে (প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.১৭৩.০০৬.২৩-২৩১) আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষ্যে ০৩ এপ্রিল তারিখ বৃহস্পতিবার নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করেছে। উল্লেখিত ছুটি বাংলাদেশের সকল সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারী অফিসের জন্য প্রযোজ্য।

তবে উক্ত প্রজ্ঞাপন বেসরকারী কোন শিল্প প্রতিষ্ঠান বা কারখানার ক্ষেত্রে প্রযোজ্য নয়।

শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানা বিশেষ করে পোশাক শিল্প কারখানা সমূহে বেসরকারী শিল্প প্রতিষ্ঠান ও কল-কারখানা হিসেবে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১০ এর বিধান মোতাবেক বার্ষিক উৎসব ছুটি নির্ধারণ করতে হবে। যা ইতোমধ্যে বিজিএমইএ থেকে সার্কুলার নং-বিজিএ/শ্রম/২০২৪/২২৩, তারিখ- ৪ জানুয়ারী, ২০২৫ মারফত আপনাদের অবহিত করা হয়েছে।

এ ছাড়াও গত ৬ মার্চ, ২০২৫ তারিখে অনুষ্ঠিত আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আর.এম.জি বিষয়ক টিসিসি) এবং ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (টিসিসি) এর সভায় গৃহীত সিদ্ধান্তের (২) নং সিদ্ধান্ত নিম্নরূপঃ

“কারখানার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং শ্রমিক প্রতিনিধিগণ আলোচনা করে শ্রম আইন অনুযায়ী দ্রুত ঈদ-উল ফিতরের ছুটি কখন থেকে শুরু হবে তা নির্ধারণ করবে।”

অতএব, আপনার কারখানাতে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১০ এর বিধান মোতাবেক ঈদ-উল ফিতরের উৎসব ছুটি নির্ধারণ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান
মহা সচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •